

# প্রভাবিত হওয়া ব্যবসা প্রতিষ্ঠানের মালিকদের জন্য COVID-19 টিকাদান সংক্রান্ত শর্তাবলির নতুন Key to NYC নীতিমালা সম্পর্কে আরো তথ্য

16ই আগস্টের সপ্তাহ থেকে শুরু করে, ইনডোর বিনোদন, ইনডোর ডাইনিং, ও ইনডোর ফিটনেস কেন্দ্রগুলোর কর্মী ও গ্রাহকদের (12 বছর বা তারচেয়ে বেশি বয়সী) জন্য COVID-19 এর টিকার কমপক্ষে একটি ডোজ গ্রহণের প্রমাণ দেখানো আবশ্যিক হবে। এই নীতিমালার আওতাধীন একটি ব্যবসা প্রতিষ্ঠান হিসেবে আপনাকে কর্মী ও গ্রাহক/ব্যবহারকারীদের টিকাগ্রহণের অবস্থা চেক করতে হবে এবং শুধু টিকা গ্রহণকারী (কমপক্ষে এক ডোজ) ব্যক্তিদেরকে ভেতরে প্রবেশের অনুমতি দিতে হবে। এই নীতিমালার আওতাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সম্পূর্ণ তালিকা পেতে [nyc.gov/keytonyc](http://nyc.gov/keytonyc) ওয়েবসাইটে যান। **13 সেপ্টেম্বর, 2021** থেকে এই নীতিমালা প্রয়োগ করা শুরু হবে।

আপনার ব্যবসা প্রতিষ্ঠান এই নতুন নীতিমালার জন্য প্রস্তুত রয়েছে তা নিশ্চিত করার জন্য সহায়ক একটি চেকলিস্ট দেয়া হলো:



- **NYC DOHMH (নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন)-এর Key to NYC সাইন** আপনার ব্যবসা প্রতিষ্ঠানের সুস্পষ্টভাবে দৃশ্যমান একটি জায়গায় লাগান যাতে ভেতরে আসার আগেই গ্রাহক/ব্যবহারকারীরা সেটি দেখতে পান। নতুন নীতিমালায় এটি বাধ্যতামূলক করা হয়েছে। আপনি [nyc.gov/keytonyc](http://nyc.gov/keytonyc) ওয়েবসাইট থেকে এই পোস্টারের কপি ডাউনলোড করতে পারেন।



- **লোকজনের টিকা গ্রহণের প্রমাণ দেখানোর গ্রহণযোগ্য উপায়গুলোর সাথে পরিচিত হয়ে নিন।** এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে NYC Covid Safe অ্যাপ, NY স্টেট Excelsior পাস, CDC কার্ড, অথবা অন্যান্য অফিসিয়াল ডকুমেন্ট।



- **কেউ অনুরোধ করলে দেখানোর জন্য নীতিমালা বাস্তবায়নের একটি লিখিত পরিকল্পনা প্রস্তুত রাখুন।** আপনার পরিকল্পনায় আপনার ব্যবসা প্রতিষ্ঠান প্রবেশের আগে অথবা প্রবেশ করার পর তাৎক্ষণিকভাবে কর্মী ও গ্রাহক/ব্যবহারকারী উভয়ের টিকা গ্রহণের অবস্থা আপনি কিভাবে যাচাই করবেন সে বিষয়টি অন্তর্ভুক্ত থাকতে হবে।



- **গ্রাহকের সাথে কথা বলা কোন কর্মীদের টিকা গ্রহণের প্রমাণের ডকুমেন্ট যাচাই করার জন্য প্রশিক্ষণ দিতে হবে তা চিহ্নিত করুন।**

এই নীতিমালা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে [nyc.gov/keytonyc](http://nyc.gov/keytonyc) ওয়েবসাইট দেখুন।

যদি আপনি একজন ক্ষুদ্র ব্যবসায়ী হন এবং আপনার আরো প্রশ্ন থাকে, তাহলে আপনি এই নীতিমালা অনুধাবন ও বাস্তবায়নের ক্ষেত্রে সহায়তার জন্য (888) SBS-4NYC (888-727-4692) নম্বরে NYC ক্ষুদ্র ব্যবসা পরিষেবাতেও ফোন করতে পারেন।

